



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

সেইফটি অধিশাখা

শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর,

ঢাকা-১০০০।

www.dife.gov.bd

নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ,
গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ

বিষয়: "complaint committee" এর ডিসেম্বর, ২০২৩ সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ জুলিয়া জেসমিন
	যুগ্ম মহাপরিদর্শক
সভার তারিখ	৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রি:
সভার সময়	দুপুর ৩:০০ ঘটকা
স্থান	যুগ্ম মহাপরিদর্শক, স্বাস্থ্য অধিশাখা এর কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি মহোদয় নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে গঠিত "complaint committee"র সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই হাইকোর্টের রীট পিটিশন নং ৫৯১৬/২০০৮ এর রায়ের আলোকে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ে গঠিত "complaint committee" এর সার্বিক কার্যক্রমসহ বর্তমান অবস্থা বর্ণনা করেন।

২। সভাপতি মহোদয় ও প্রধান কার্যালয়ের এ কমিটির আহ্বায়ক সভায় অবগত করেন যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কর্মকর্তাদের অংশগ্রহণে বিভাগীয় পর্যায়ে গত ২৭-০৯-২০২৩ খ্রি: তারিখ চট্টগ্রামে ও ১৪-১২-২০১৩ খ্রি: তারিখ তাকায় "বিভিন্ন কারখানায় অভিযোগ কমিটি গঠন, শিশুকক্ষ স্থাপন এবং প্রস্তুতি কল্যাণ সুবিধা নিশ্চিতকরণ" সংক্রান্ত কর্মশালা আয়োজন করা হয়েছে। উক্ত কর্মশালা আয়োজনে সহযোগিতা প্রদানের জন্য তিনি বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রান্স্ট (ল্যান্স্ট) এর প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

জবাবে প্রধান কার্যালয়ে গঠিত "complaint committee"র অন্যতম সদস্য জনাব মাহবুবা আক্তার, পরিচালক, এডভোকেসী এন্ড কমিউনিকেশন, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রান্স্ট (ল্যান্স্ট) বলেন যে, উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহে কর্মকর্তাদের মধ্যে কর্মক্ষেত্রে নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধ বিষয়ে স্বচ্ছ ধারণা ও সচেতনতা সৃষ্টিকরণ, তদন্ত কার্যক্রম পরিচালনা, অভিযোগ নিষ্পত্তিসহ তদন্ত কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিটি বিষয় সম্পর্কে সম্যক ধারণা প্রদানের জন্য কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর ও ল্যান্স্ট এর যোথ আয়োজনে বিভাগীয় পর্যায়ে এরূপ কর্মশালা আয়োজন চলমান থাকবে।

৩। প্রধান কার্যালয়ের "complaint committee"র অন্যতম সদস্য জনাব মোঃ তাওহীদুল হক ভূইয়া, সহকারী মহাপরিদর্শক (সাধারণ) বলেন যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে নারীর প্রতি যৌন হয়রানী নিরসন ও প্রতিরোধে SOP এর খসড়া প্রস্তুত করা হয়েছে। উক্ত খসড়া SOP চূড়ান্তকরণে উপমহাপরিদর্শকের কার্যালয়ের কর্মকর্তাদের নিয়ে একটি কর্মশালা আয়োজন করা যেতে পারে।

সভাপতি মহোদয় ও প্রধান কার্যালয়ের এ কমিটির আহ্বায়ক একমত গোষণ করেন ও খসড়া SOP চুড়ান্তকরণে কর্মশালা আয়োজনে গ্লাস্টের সহযোগিতা কামনা করেন।

৪। প্রধান কার্যালয়ের "complaint committee"র অন্যতম সদস্য জনাব এডভোকেট হাসিনা খানম, লিগ্যাল অফিসার, সেফটি এন্ড রাইটস সোসাইটি বলেন যে, রিট পিটিশন নং-৫৯১৬/২০০৮ এর ১৪-০৫-২০০৯ খ্রিঃ তারিখের রায়েরনির্দেশনা বলী বাস্তবায়নের বিষয়ে অত্র দপ্তরের গৃহীত কার্যক্রম ও তার বাস্তবায়ন বর্ণনা করে মন্ত্রণালয়ে বার্ষিক প্রতিবেদন প্রেরণ করা প্রয়োজন।

সভাপতি মহোদয় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের "complaint committee"র কার্যক্রম বিষয়ক ২০২৩ সালের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে কমিটির সদস্য সচিবকে নির্দেশনা প্রদান করেন।

৫। জনাব মাহবুবা আক্তার, পরিচালক, এডভোকেসী এন্ড কমিউনিকেশন, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (গ্লাস্ট), বলেন যে, ৩১ টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে গঠিত "complaint committee"র কার্যক্রম মনিটর করার জন্য একটি সুনির্দিষ্ট পদ্ধতি থাকা প্রয়োজন।

জবাবে সভাপতি মহোদয় বলেন, "complaint committee"র কার্যক্রম মনিটর করার জন্য একটি প্রতিবেদনের ফরম্যাট প্রস্তুত করে ওয়ার্কশপের মাধ্যমে চুড়ান্ত করা যেতে পারে, যার মাধ্যমে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ মাসিক প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।

সিদ্ধান্তসমূহঃ

১। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর ও গ্লাস্ট এর যৌথ আয়োজনে বিভাগীয় পর্যায়ে কর্মশালা আয়োজন করতে হবে।

২। নারীর প্রতি যৌন হয়রানি নিরসন ও প্রতিরোধে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জন্য প্রস্তুতকৃত SOP এর খসড়া উপমহাপরিদর্শকের কার্যালয়ের কর্মকর্তাদের নিয়ে একটি ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে চুড়ান্ত করতে হবে।

৩। ২০২৩ সালের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। উপমহাপরিদর্শকের কার্যালয়ে গঠিত "complaint committee"র কার্যক্রম মনিটর করার জন্য একটি প্রতিবেদনের ফরম্যাট প্রস্তুত করতে হবে ও ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে চুড়ান্ত করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

১৭-০২-২০২৪

মোহাম্মদ জুলিয়া জেসমিন

যুগ্ম মহাপরিদর্শক

healthwing.dife@gmail.com

৪ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ১৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৮০.০১.০০০০.১০২.১৮.০০৬.২১.২৩

বিতরণ (জ্যোতিতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন/সাধারণ/সেফটি/স্বাস্থ্য/অর্থ ও পরিকল্পনা), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়;
- ২। উপমহাপরিদর্শক (সাধারণ/সেইফটি/স্বাস্থ্য/প্রশাসন/মানবসম্পদ/অর্থ ও হিসাব/পরিকল্পনা ও উন্নয়ন/মনিটরিং ও মূল্যায়ন/আইএসইউ);
- ৩। উপমহাপরিদর্শক (৩১ কার্যালয়), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৪। পরিচালক, এডভোকেসী এন্ড কমিউনিকেশন, বাংলাদেশ লিগ্যাল ইন্ড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট);
- ৫। লিগ্যাল অফিসার, সেফটি এন্ড রাইটস সোসাইটি;
- ৬। আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৭। সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৮। সহকারী মহাপরিদর্শক (সেফটি), সেইফটি অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৯। সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য), শৃঙ্খলা ও তদন্ত উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ১০। শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), স্বাস্থ্য অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং
- ১১। অফিস কপি।



যুগ্ম
মহাপরিদর্শক

১৭-০২-২০২৪

মোছাঃ জুলিয়া জেসমিন

যুগ্ম মহাপরিদর্শক